



সাংগঠনিক ক্ষমতার উপর নির্ভর করতে হবে

—অধ্যাপক আযাদ

দাবী আদায় বা সমস্যা সমাধানের জন্য কাগজে প্রচার নয়, প্রাথমিক শিক্ষকদের সাংগঠনিক ক্ষমতার উপর নির্ভর করতে হবে। গতকাল (১৪ নভেঃ) বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কার্যালয়, প্রাথমিক শিক্ষক ভবনে, ঢাকা মহানগরী ও দেশের বিভিন্ন অঞ্চল হতে ৭-এর গঠায় দেখন।

অধ্যাপক আজাদ

প্রথম পৃষ্ঠার পর

আগত নেতা ও কর্মীদের সাথে আলোচনাকালে অধ্যাপক আবুল কালাম আযাদ উপরোক্ত মন্তব্য করেন।

অধ্যাপক আযাদ বলেন, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি "ম্যান টু ম্যান" সম্পর্কের মাধ্যমে একটি লৌহদৃঢ় সংগঠন গড়ে তুলেছে। অতীতে প্রচারের মাধ্যমে জনসমর্থন হীন ব্যক্তির যেমন নেতা হতে পারেনি— তেমনি বর্তমানে নতুন কায়দায় প্রচার চালিয়ে এসব চিহ্নিত দালালেরা কিছু করতে পারবে না।

অধ্যাপক আযাদ বলেন, পাকিস্তানী মহাসম্মেলন সফল করার মাধ্যমে এদেশের প্রাথমিক শিক্ষকগণ আবারো প্রমাণ করবে যে, তারা বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সাংগঠনিক নেটওয়ার্কের সাথে সম্পূর্ণভাবে সম্পৃক্ত আছেন।

অধ্যাপক আযাদ সমিতির সকল স্তরের নেতা ও কর্মীদের প্রতি নেতৃত্বের প্রতি সাধারণ শিক্ষকদের এই আনুগত্য ও ভালোবাসা কোন ব্যক্তি নয়— সাধারণ শিক্ষকদের কল্যাণে ব্যবহারের আহ্বান জানান।

সমাবেশে অন্যান্যের সাথে সাধারণ সম্পাদক কাজী ফজলুল হক, মহানগরীর সম্পাদক মুহঃ ওয়াহিদুজ্জামান মিয়া, অর্থ সম্পাদক সিরাজুল হক তুইয়া, সাহিত্য সম্পাদক আলতাফ হোসেন ও মহিলা সম্পাদিকা সৈয়দা রুখসানা হক বক্তৃতা করেন। —সংবাদ বিজ্ঞপ্তি।